

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন কেন্দ্রীয় কমিটি

সাকুলার নং- ১৬/২০১৩

তারিখ ০২.০৪.২০১৩

১লা এপ্রিল ২০১৩ (সোমবার) ইউনিয়নের কেন্দ্রীয় সম্পাদকমন্ডলীর সভার সিদ্ধান্ত :

- ১) ০৮.০৫.২০১৩ (বুধবার) বিদ্যুৎশিল্প এবং কর্মীস্বার্থের বিভিন্ন দাবিতে বিদ্যুৎ উন্নয়ন ভবন (পি.ডি.সি.এল) / বিদ্যুৎ ভবন অভিযান হবে।
- ২) ওইদিন সকাল ১০.৩০-এ বিদ্যুৎ উন্নয়ন ভবন (পি.ডি.সি.এল)-এর সামনে বিদ্যুৎকর্মীদের জমায়েত করা হবে এবং সেখানে ইউনিয়নের সদস্য/সদস্যাদের যোগদান করতে হবে। তারপর সেখানে পি.ডি.সি.এল কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন এবং দাবি-সম্বলিত স্মারকলিপি পেশ করা হবে।
- ৩) এরপর সেখান থেকে মিছিল করে বিদ্যুৎ ভবনের সামনে আয়োজিত বিদ্যুৎকর্মীদের সমাবেশে যোগদান করা হবে। তারপর সেখানেও ডি.সি.এল এবং টি.সি.এল কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন এবং দাবি-সম্বলিত স্মারকলিপি পেশ করা হবে।
- ৪) এই কর্মসূচীকে সাফল্যমন্ডিত করতে আগামী ০৮.০৪.২০১৩-র মধ্যে কেন্দ্রীয় সম্পাদকমন্ডলীর সদস্য কমঃ মিন্টু দত্ত-র কাছে প্রতিটি জেলা/বিভাগীয় কমিটিকে তাদের কত সদস্য/সদস্যাকে তারা ৮ই মে'র সমাবেশে সুনিশ্চিতভাবে উপস্থিত করতে পারবেন সেই সংখ্যা উল্লেখ করে লিখিত বা টেলিফোন বা ই-মেলের সাহায্যে জানাতে হবে। যত বেশি সংখ্যক সদস্য/সদস্যাকে উপস্থিত করানো যাবে তত এই সমাবেশের গুরুত্ব বাড়বে বলে কেন্দ্রীয় কমিটি আশা প্রকাশ করে। শুধু তাই নয়, এই সংখ্যার উপর ভিত্তি করে কেন্দ্রীয় কমিটিকে পুলিশি ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা, ডেকরেটরের ব্যবস্থা ইত্যাদি করতে হবে।
- ৫) এই কেন্দ্রীয় জমায়েতের কর্মসূচীকে বিদ্যুৎকর্মীদের প্রতিটি স্তরে নিয়ে যাওয়ার জন্য আগামী ২০.০৪.২০১৩-র মধ্যে সমস্ত জেলা/বিভাগীয় কমিটিকে তাদের নিয়ন্ত্রিত ইউনিটগুলিতে এবং ৩০.০৪.২০১৩-র মধ্যে উপবিভাগে সদস্য/সদস্যাদের নিয়ে সভা করতে হবে। তারপর জমায়েত করে ডিভিশন অফিসগুলোতে ডেপুটেশন এবং স্থানীয় দাবি সহ স্মারকলিপি পেশ করতে হবে।
- ০৬) ০৮.০৫.২০১৩-র বিদ্যুৎ উন্নয়ন ভবন (পি.ডি.সি.এল) / বিদ্যুৎ ভবন অভিযানে সকল সদস্য/সদস্যাকে অবশ্যই ছুটি নিয়ে অংশগ্রহণ করতে হবে।
- ০৭) ০৮.০৫.২০১৩-র বিদ্যুৎ উন্নয়ন ভবন (পি.ডি.সি.এল) / বিদ্যুৎ ভবন অভিযানের ছাপানো পোষ্টার, লীফলেট, ব্যাজ ইত্যাদি কেন্দ্রীয় কমিটির অফিস থেকে সরবরাহ করা হবে এবং এইসব সরবরাহ করার দিন খুব শীঘ্র প্রতিটি জেলা/বিভাগীয় কমিটিকে জানিয়ে দেওয়া হবে। এপ্রসঙ্গে যেটা বলা দরকার তা হল, শুধুমাত্র কেন্দ্রীয় কমিটির পোষ্টার ব্যবহার করলেই হবে না, প্রতিটি জেলা/বিভাগীয় কমিটিকে স্থানীয় দাবিগুলি উল্লেখ করে হাতে লেখা পোষ্টারিং-এরও ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(মিন্টু দত্ত)

কেন্দ্রীয় সম্পাদকমন্ডলীর পক্ষে